

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.১৭১

২২ ফাল্গুন ১৪২৫

তারিখ: -----

০৬ মার্চ ২০১৯

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত তারিখে জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় মাসিক সভায় উপস্থিত থাকা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ০৮.৮.২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.১৫-৭৩২ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত গুরুত্বপূর্ণ সভার দিন, তারিখ ও সময় নির্ধারিত আছে। পরিপত্রটির মূল উদ্দেশ্য হলো গুচ্ছ আকারে সভাগুলির আয়োজন করা হলে সংশ্লিষ্ট সকলে পূর্ব হতে যথাযথভাবে প্রস্তুতি নিতে পারেন এবং পরিকল্পনা অনুযায়ী তাদের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করতে পারেন। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তর প্রধানগণ আইনশৃঙ্খলা সভা, উন্নয়ন সমন্বয় সভাসহ জনগুরুত্বপূর্ণ সভায় প্রায়শ অনুপস্থিত থাকছেন। অনুপস্থিতির কারণ অনুসন্ধান জানা যায় সভার জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট দপ্তরসমূহের বিভাগীয় অফিস অথবা নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের বিভিন্ন সভায় ডাকা হয়। সভায় গুরুত্বপূর্ণ সদস্যগণের অনুপস্থিতির ফলে সভার উদ্দেশ্য ব্যাহত হয়, উন্নয়ন কর্মকাণ্ড বিঘ্নিত হয়।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতোপূর্বে জারিকৃত পরিপত্রের (সংযুক্ত) নির্দেশনামতে জেলা/উপজেলার সভার জন্য নির্ধারিত দিনে জরুরি রাষ্ট্রীয় প্রয়োজন না হলে অন্য কোনো সভা/সেমিনারে জেলা/উপজেলার অফিস প্রধানকে আমন্ত্রণ না জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০২ (দুই) পৃষ্ঠা

(ড. ফারুক আহাম্মদ)

উপসচিব

ফোন: ৯৫৫১৪২৫

email: [gfa\\_branch@cabinet.gov.bd](mailto:gfa_branch@cabinet.gov.bd)

সিনিয়র সচিব/সচিব

..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

অনুলিপি:

- ১। বিভাগীয় কমিশনার,....(সকল)।
- ২। জেলা প্রশাসক,....(সকল)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার,....(সকল)।
- ৪। অফিস/মাস্টার কপি।